

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৩০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ১৫ শ্রাবণ ১৪১৪ বাং/৩০ জুলাই ২০০৭ খ্রিঃ

নং ১৭ (মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৪ শ্রাবণ ১৪১৪ বাং মোতাবেক ২৯ জুলাই ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ১৭, ২০০৭

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) এর সংশোধনকল্পে প্রণীত
অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ মানিলভারিং প্রতিরোধ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) এই অধ্যাদেশ এপ্রিল ১৮, ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৭১৭৫)

মূল্য : টাকা ২.০০

২। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) এ নতুন ধারা ৩ক এর সন্নিবেশ।—মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ৩ এর পর নিম্নরূপ নতুন ধারা ৩ক সন্নিবেশিত হইবে, যথা :—

“৩ক। তদন্ত, বিচার, ইত্যাদি বিষয়ক বিশেষ বিধান।—(১) এই আইনের অন্য কোন ধারায় ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন—

- (ক) অপরাধসমূহ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সালের ৫নং আইন) এর তফসিলভুক্ত অপরাধ হিসাবে দুর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্তযোগ্য হইবে;
- (খ) অপরাধসমূহ Criminal Law Amendment Act, 1958 (Act XL of 1958) এর সিডিউলভুক্ত অপরাধ হিসাবে Special Judge কর্তৃক বিচার্য হইবে; এবং
- (গ) অপরাধসমূহের তদন্ত, বিচার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে, এই আইনের বিধানাবলীর সহিত বিরোধের ক্ষেত্রে, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং Criminal Law Amendment Act, 1958 এর বিধানাবলী প্রাধান্য পাইবে।

(২) উপ-ধারা (১) এর বিধান সত্ত্বেও, এই ধারা কার্যকর হইবার পূর্বে এই আইনের অধীন নিষ্পত্তাধীন কোন অপরাধের তদন্ত, বিচার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি এমনভাবে নিষ্পত্ত হইবে যেন এই ধারা কার্যকর হয় নাই।”।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

তারিখ : ১৪-০৪-১৪১৪ বাং
২৯-০৭-২০০৭ ইং।

নাসরিন বেগম

যুগ্ম-সচিব (ড্রাফটিং)।